**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৯৪/২০১৭**

**ঢাকা, রোববার ১৪ মে ২০১৭, ৩১ বৈশাখ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। রেমিট্যান্স পাঠাতে ফি বা সার্ভিস চার্জ দিতে হবে না : অর্থমন্ত্রী

২। শিক্ষার মান রক্ষায় ব্যর্থ হলে আরও ছয়টি মেডিকেল কলেজ বন্ধ হতে পারে : স্বাস্থ্যমন্ত্রী

৩। বনানীতে ধর্ষণ মামলা নিতে গাফিলতির তদন্ত চলছে : স্বরাষ্ট্রমন্ত্রী

৪। বিএনপির ভিশন ২০৩০-এ গুরুত্বপূর্ণ অনেক বিষয় অনুপস্থিত : তথ্যমন্ত্রী

৫। ঢাকার সাংস্কৃতিক বিকাশে প্রয়োজন বহু মানুষের সংযুক্তি : সংস্কৃতি বিষয়ক মন্ত্রী

৬। পাট শিল্প স্থাপনে সরকারি পাটকলের অব্যবহৃত জমি দেওয়া হবে : বস্ত্র ও পাট প্রতিমন্ত্রী

৭। বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের জন্য সাংবাদিকদের প্রতি স্পিকারের আহ্বান

৮। দুই বছর পূর্তি উপলক্ষে আজ ফেসবুকে নাগরিকদের মুখোমুখি হচ্ছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র

৯। সরকার বাস্তবায়িত স্বপ্ন প্যাকেজের আওতায় স্বাস্থ্য ও শিক্ষা কার্ড পাচ্ছেন দরিদ্র মায়েরা

১০। কাঁচাপাট ও পাটপণ্য রফতানি লক্ষ্যমাত্রা ছাড়িয়ে গেছে

চলমান পাতা-২

**১। রেমিট্যান্স পাঠাতে ফি বা সার্ভিস চার্জ দিতে হবে না : অর্থমন্ত্রী**

বিদেশে কর্মরত বাংলাদেশিদের উপার্জিত আয় (রেমিট্যান্স) পাঠাতে ফি বা সার্ভিস চার্জ লাগবে না। এ খরচ তাদের পক্ষ হয়ে সরকার দেবে। এ জন্য আগামী বাজেটে বরাদ্দ থাকবে। গতকাল **১৩** মে শনিবার সচিবালয়ে অর্থনৈতিক রিপোর্টারদের সংগঠনের (ইআরএফ) সঙ্গে প্রাক-বাজেট আলোচনায় একথা বলেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। টাকা পাচার বন্ধে জমি কেনাবেচায় সরকারের নির্ধারিত রেটের পরিবর্তে বাজারমূল্য নির্ধারণ করা হবে বলে জানান তিনি। একাদশ জাতীয় নির্বাচনের আগে এবারই হবে তার জীবনে শেষ কার্যকরী বাজেট। অর্থনীতি খুব ভালো অবস্থানে আছে বলে মনে করেন তিনি। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **প্রথম আলো** (পৃ.১৩,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৩), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**২। শিক্ষার মান রক্ষায় ব্যর্থ হলে আরও ছয়টি মেডিকেল কলেজ বন্ধ হতে পারে : স্বাস্থ্যমন্ত্রী**

মেডিকেল কলেজে শিক্ষার মানের ব্যাপারে কোনো সমঝোতা করা হচ্ছে না উল্লেখ করে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, দেশে চারটি কলেজ বন্ধ করা হয়েছে, প্রয়োজনে আরও ছয়টি বন্ধ করে দেওয়া হবে। গতকাল **১৩** মে শনিবার রাজধানীর এলজিইডি ভবনে আয়োজিত মেডিকেল শিক্ষার বর্তমান পরিস্থিতি এবং 'হেলদি বাংলাদেশ' নামের নাগরিক মোর্চার উদ্বোধন অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.৬), **যুগান্তর** (পৃ.১৪,ক.৭), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.২)।

**৩। বনানীতে ধর্ষণ মামলা নিতে গাফিলতির তদন্ত চলছে : স্বরাষ্ট্রমন্ত্রী**

রাজধানীর বনানীর রেইনট্রি হোটেলে দুই বিশ্ববিদ্যালয় ছাত্রীকে ধর্ষণের ঘটনায় মামলা নিতে পুলিশের কোনো গাফিলতি ছিল কি না তা তদন্ত করা হচ্ছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। এই ঘটনায় হোটেল কর্তৃপক্ষের কোনো গাফিলতি ছিল কি না তাও তদন্ত হচ্ছে বলে জানান মন্ত্রী। গতকাল **১৩** মে শনিবার পুরান ঢাকার লালবাগে আজাদ বালুর মাঠে মাদক ও সন্ত্রাসবিরোধী এক অনুষ্ঠানের পর তিনি একথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৮)।

**৪। বিএনপির ভিশন ২০৩০-এ গুরুত্বপূর্ণ অনেক বিষয় অনুপস্থিত : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, বেগম খালেদা জিয়া ভিশন ২০৩০-এ যে প্রস্তাবনা উত্থাপন করেছেন তার মধ্যে গুরুত্বপূর্ণ অনেক বিষয় অনুপস্থিত রয়েছে। স্বাধীনতার ঘোষণা, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, ২৫ মার্চের কালরাত সম্পর্কে ভিশন ২০৩০-তে কিছুই উল্লেখ নেই। সু-কৌশলে তিনি এগুলো এড়িয়ে গেছেন। গতকাল **১৩** মে শনিবার কুষ্টিয়া সার্কিট হাউসে দলীয় নেতাকর্মীদের সঙ্গে মতবিনিময় শেষে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৭), **সংবাদ** (পৃ.৪,ক.১), **অবজারভার** (শেষ পৃ.১০,ক.১)।

**৫। ঢাকার সাংস্কৃতিক বিকাশে প্রয়োজন বহু মানুষের সংযুক্তি : সংস্কৃতি বিষয়ক মন্ত্রী**

শুধু ঢাকাকে সংস্কৃতির শহর নয়, দেশটিকেই সাংস্কৃতিক বাংলাদেশ হিসেবে গড়ে তোলার আহ্বান জানিয়েছেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রী আসাদুজ্জামান নূর। গতকাল ১৩ মে শনিবার নগর গবেষণা কেন্দ্রের ৪৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত সম্মেলনের উদ্বোধনে তিনি একথা বলেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.৯,ক.১)।

**৬। পাট শিল্প স্থাপনে সরকারি পাটকলের অব্যবহৃত জমি দেওয়া হবে : বস্ত্র ও পাট প্রতিমন্ত্রী**

বস্ত্র ও পাট প্রতিমন্ত্রী মির্জা আজম বলেছেন, সারাদেশে বিজেএমসি'র (বাংলাদেশ জুট মিলস কর্পোরেশন) আওতাধীন পাটকলগুলোর অব্যবহৃত জায়গায় বস্ত্র ও পাট বিষয়ক শিল্প-কারখানা স্থাপনে বেসরকারী উদ্যোক্তারা আগ্রহ প্রকাশ করলে সরকার জায়গা বরাদ্দের পাশাপাশি সবধরনের সহযোগিতা প্রদান করবে। তিনি বলেন, বিজেএমসি'র মাধ্যমে দেশে প্রথমবারের মতো পাট হতে পরিবেশবান্ধব পাল্প ও কাগজ উৎপাদনের শিল্প-কারখানা স্থাপন করা হচ্ছে। তিনি আরোও জানান, সরকার কাঁচাপাট থেকে পলিমার ব্যাগ উৎপাদনের উদ্যোগ গ্রহণ করেছে। এটি ব্যবহারে জনসচেতনতা বাড়ানো গেলে পাটের বহুমুখী ব্যবহার নিশ্চিত হবে, যা পরিবেশ সুরক্ষায় গুরুত্বপূর্ণ অবদান রাখবে। গতকাল **১৩** মে শনিবার ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং ইউএসএআইডি-র যৌথভাবে আয়োজিত 'পাট হতে পরিবেশবান্ধব পাল্প ও কাগজ প্রস্তুত' বিষয়ক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.২), **অবজারভার** (পৃ.৪,ক.২), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৪)।

**৭। বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের জন্য সাংবাদিকদের প্রতি স্পিকারের আহ্বান**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী গণতন্ত্রকে সুসংহত করতে নির্ভীকভাবে বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের জন্য সাংবাদিকদের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল **১৩** মে শনিবার জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে চট্টগ্রাম বিভাগ সাংবাদিক ফোরাম ঢাকা (সিডিজেএফডি) আয়োজিত বার্ষিক সাধারণ সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৬), **অবজারভার** (পৃ.৩,ক.৫)।

**৮। দুই বছর পূর্তি উপলক্ষে আজ ফেসবুকে নাগরিকদের মুখোমুখি হচ্ছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র**

ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র হিসেবে দায়িত্ব পালনের দুই বছর পূর্তি উপলক্ষে আজ জনপ্রিয় সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে সরাসরি সম্প্রচারে আসছেন মেয়র আনিসুল হক। সন্ধ্যা সাড়ে ৭টায় ডিএনসিসি অফিসিয়াল ফেসবুক পেইজে সরাসরি ভিডিও সম্প্রচারের মাধ্যমে নাগরিকদের মুখোমুখি হবেন তিনি। তিনি লাইভে থেকে রাত ৮টা পর্যন্ত দায়িত্ব গ্রহণের দুই বছরের অভিজ্ঞতা ভাগাভাগি করবেন নগরবাসীর সঙ্গে। পাশাপাশি নগর উন্নয়নে নাগরিকদের পরামর্শ, প্রত্যাশা, প্রশ্ন ও অভিযোগ শুনবেন ও জবাব দেবেন। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৮), **সমকাল** (পৃ.৩,ক.৬)।

**৯। সরকার বাস্তবায়িত স্বপ্ন প্যাকেজের আওতায় স্বাস্থ্য ও শিক্ষা কার্ড পাচ্ছেন দরিদ্র মায়েরা**

মৌলিক চাহিদা পূরণে স্বাস্থ্য, পুষ্টি ও জন্মনিয়ন্ত্রণ এবং শিক্ষা ও সংস্কৃতি বা বিনোদন এ দুই ধরনের কার্ড পাচ্ছেন দরিদ্র মায়েরা। সরকার বাস্তবায়িত দারিদ্র্য বিমোচনে মাতৃত্বকালীন ভাতাপ্রাপ্ত মায়েদের জন্য ‘স্বপ্ন প্যাকেজ’ কর্মসূচির আওতায় এই কার্ড দেওয়া হচ্ছে। চলতি বছরের এপ্রিল মাস থেকে সোশ্যাল অ্যাসিসট্যান্স প্রোগ্রাম ফর নন অ্যাসেটার্স ‘স্বপ্ন প্যাকেজ’ কর্মসূচির অন্যান্য সরঞ্জামের সাথে ৭০০ অংশীদার মায়ের মধ্যে কার্ডগুলো হস্তান্তর শুরু হয়েছে। জানা গেছে, বেসরকারি সংস্থা ডরপ উদ্ভাবিত এ উন্নয়ন মডেলটি সরকার দেশের সাতটি বিভাগের ১০টি উপজেলায় বাস্তবায়ন করেছে। ডরপ এ কাজের সমন্বয় ও সহযোগিতার দায়িত্ব পালন করছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩)।

**১০। কাঁচাপাট ও পাটপণ্য রফতানি লক্ষ্যমাত্রা ছাড়িয়ে গেছে**

২০১৬-১৭ অর্থবছরের জুলাই-এপ্রিল মেয়াদে কাঁচাপাট ও পাট পণ্য রফতানিতে বৈদেশিক মুদ্রা আয় হয়েছে ৮২ কোটি ৬৪ লাখ ৬০ হাজার মার্কিন ডলার বা প্রায় ৬ হাজার ৭৪৬ কোটি টাকা, যা এ সময়ের রফতানি লক্ষ্যমাত্রার তুলনায় ৫ দশমিক ৭৫ শতাংশ বেশি। একই সঙ্গে গত ২০১৫-১৬ অর্থবছরের প্রথম ১০ মাসের তুলনায় এ খাতের পণ্য রফতানি আয় ১৩ দশমিক ২৩ শতাংশ বেড়েছে। বাংলাদেশ রফতানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) মে মাসে প্রকাশিত প্রতিবেদন বিশ্লেষণ করে এ তথ্য জানা গেছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** বর্ষা মৌসুমে চট্টগ্রাম নগরীতে পাহাড় ও দেয়াল ধসে মৃত্যুর ঘটনা প্রতিরোধে প্রশাসনকে কঠোর হওয়ার সুপারিশ।

খ. **সংবাদ, নিউ এজ :** হাইকোর্ট নির্বাহী ম্যাজিস্ট্রেট দিয়ে ভ্রাম্যমাণ আদালত পরিচালনাকে অবৈধ ঘোষণা করায় আদালতের রায় মেনে বিচারিক হাকিম বা মহানগর হাকিম দিয়ে ভ্রাম্যমাণ আদালত গঠন করার আহ্বান।

গ. **জনকণ্ঠ :** ময়নাতদন্তের কাজে জড়িত ৯০ ভাগেরই এ বিষয়ে কোনো ডিগ্রী, ডিপ্লোমা কিংবা প্রশিক্ষণ পর্যন্ত না থাকায় এ দুরবস্থার অবসানে সংশ্লিষ্ট স্বরাষ্ট্র, স্বাস্থ্য ও আইন মন্ত্রণালয়ের মধ্যে যথাযথ সমন্বয়সহ ফরেনসিক মেডিসিন ও জুরিসপ্রুডেন্সে আরও বেশি মনোযোগ দেওয়ার সুপারিশ।

ঘ. **প্রথম আলো, যুগান্তর :** জঙ্গি দমনে সশস্ত্র অভিযানে আরও সতর্কতা অবলম্বনের পাশাপাশি জঙ্গিবাদের বিরুদ্ধে ব্যাপক সামাজিক-সাংস্কৃতিক প্রতিরোধ সংগঠিত করার ওপর গুরুত্বারোপ।

ঙ. **সমকাল :** বরিশাল শেরেবাংলা মেডিকেল কলেজ হাসপাতালের একটি পুকুর থেকে লক্ষাধিক টাকার ওষুধ উদ্ধারের ঘটনা তুলে ধরে কর্তৃপক্ষকে এর সঙ্গে জড়িত সবাইকে শনাক্ত করে আইনের আওতায় আনার সুপারিশ।

চ. **ইনকিলাব, নিউ নেশন :** সম্প্রতি বিশ্বের প্রায় ৯৯টি দেশে একযোগে সাইবার হামলা হওয়ায় সরকারকে সচেতন হয়ে যাবতীয় রাষ্ট্রীয় তথ্য-উপাত্তের নিরাপত্তা নিশ্চিত করতে কার্যকর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** পুলিশের কাজের সুনাম ফিরিয়ে আনতে বিভিন্ন অপরাধের ঘটনা থেকে সাধারণ জনগণের শান্তি ও নিরাপত্তা নিশ্চিত করতে পুলিশকে তৎপর হওয়ার আহ্বান।

জ. **ডেইলি সান :** সাভারের চামড়া শিল্প নগরীতে যথাযথভাবে ইটিপি কার্যকরভাবে চালু রেখে পরিবেশবান্ধব ট্যানারি ধরে রাখার ওপর গুরুত্বারোপ।

ঝ. **ডেইলি স্টার :** নারী ও শিশু নির্যাতন মামলাগুলো যথাযথভাবে পরিচালিত হচ্ছে না তা পর্যবেক্ষণ করতে মনিটরিং সেল গঠনে হাইকোর্টের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের সুপারিশ।

ঞ. **নিউজ টুডে :** হাওড় অঞ্চলসহ অন্যান্য অঞ্চলে আসন্ন বর্ষা মৌসুমে দুর্যোগ মোকাবেলায় এখনই যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের আহ্বান।

ট. **নিউ নেশন :** শিল্পখাতে বরাদ্দকৃত অব্যবহৃত জমি উদ্ধারে ‘বিআইডিএ’-এর উদ্যোগ যথাযথভাবে কার্যকরের দ্বারা জমি উদ্ধার করে তা বিদেশি বিনিয়োগকারীদের বিনিয়োগে আকৃষ্ট করতে ব্যবহার করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে ‘ব্যাংক কোম্পানি (সংশোধন) আইন-২০১৭’ এর নতুন প্রস্তাবে পরিচালক পদে থাকা নিয়ে করা বর্তমান ‘চিরস্থায়ী বন্দোবস্ত’ ব্যাংকিং খাতে বিপর্যয় ডেকে আনবে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **‘বজ্রপাত থেকে বাঁচার উপায়’** শিরোনামের নিবন্ধে মোহাম্মদ আবুল কালাম আজাদ একদিকে বড় বড় গাছের সংখ্যা কমে যাওয়া অন্যদিকে মোবাইল ফোনসহ যান্ত্রিক ব্যবহার বৃদ্ধি মানুষকে বজ্রপাতের নিশানা করে তুলছে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা